গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
উন্মুক্ত জলাশয়ে বিল নার্সারি স্থাপন এবং পোনা অবমুক্তকরণ প্রকল্প
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

নং- ৩৩.০২.০০০০.৯২৯.০৯.০০১.১৪-৩৭০

তারিখ: ০২/০৮/২০১৬ খ্রিস্টাব্দ।

প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়,
এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়: ২০১৬-১৭ আর্থিক সালে উন্মুক্ত জলাশয়ে বিল নার্সারি স্থাপন এবং পোনা অবমুক্তকরণ প্রকল্পের হিসাবখাত (কোড নং- ৫-৪৪৩১-৫০৩৪) এর সরবরাহ ও সেবা খাতের (কোড নং-৪৮০০) "ফিস ফিংগারলিংস" উপখাতে (কোড নং- ৪৮৬৩) বরাদ্দ প্রদান।

সূত্র: ১. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং- ৩৩.০০.০০০০.১৩৫.১৪.১১৮.১৪-৮৫, তারিখঃ ১৭/০৭/২০১৬ খ্রিস্টাব্দ।
২. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং- ৩৩.০০.০০০০.১৩৫.১৪.১১৮.১৪-৮৭, তারিখঃ ২৮/০৭/২০১৬ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক ২০১৬-১৭ আর্থিক সালে উন্মুক্ত জলাশয়ে বিল নার্সারি স্থাপন এবং পোনা অবমুক্তকরণ প্রকল্পের আওতায় হিসাবখাত (কোড নং- ৫-৪৪৩১-৫০৩৪) এর সরবরাহ ও সেবা খাতের (কোড নং-৪৮০০) "ফিস ফিংগারলিংস" উপখাতে (কোড নং- ৪৮৬৩) ১ম, ২য় ও ৩য় কিস্তিতে মোট ৬০০.০০ (ছয় কোটি) লক্ষ টাকা পাওয়া গেছে। ইতিমধ্যে উক্ত টাকা হতে পোনা মাছ অবমুক্তির জন্য ২৪৫.০০ (দুই কোটি পয়তাল্লিশ লক্ষ) লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। অবশিষ্ট ৩৫৫.০০ (তিন কোটি পঞ্চান্ন লক্ষ) লক্ষ টাকা হতে নিম্নবর্ণিত আয়ন-ব্যয়ন কর্মকর্তার অনুকূলে "ফিস ফিংগারলিংস" (কোড নং- ৪৮৬৩) উপখাতে ২.০০ (দুই লক্ষ) লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হলো। নিম্নস্বাক্ষরকারীর নিকট "ফিস ফিংগারলিংস" (কোড নং- ৪৮৬৩) উপখাতে ৩৫৩.০০ (তিন কোটি তেপ্পান্ন লক্ষ) লক্ষ টাকা মজুদ রইল।

ক্র: নং	আয়ন-ব্যয়ন কর্মকর্তা	বরাদ্দকৃত অর্থ (লক্ষ টাকা) কোড নং- ৪৮৬৩	বিল/জলাশয়ের নাম
১.	সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর, ভোলা	১.০০	পূর্ব কাজীর চর খাল
		১.০০	বোয়ালখালী খাল
(কথায়: দুই লক্ষ টাকা মাত্র)		২.০০	

শর্তাবলী:

১. সরকারী বিধি মোতাবেক বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে। বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত কোন ক্রমেই ব্যয় করা যাবে না। অব্যয়িত অর্থ অনতিবিলম্বে জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার প্রত্যয়নসহ ফেরৎ প্রদান করতে হবে।
২. পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুসরণসহ আর্থিক বিধিমালা যথাযথভাবে পরিপালন করতে হবে। বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা তথা আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবেন।
৩. প্রকল্পের ডিপিপি সংস্থান অনুযায়ী প্রতি কেজি পোনা মাছ সর্বোচ্চ ৩০০ (তিন শত) টাকা দরে ক্রয় করা যাবে।
৪. পোনামাছ ক্রয় ওজনে (কেজিতে) করতে হবে। পোনা অবমুক্তির পর সংশ্লিষ্ট ফরমে প্রত্যয়ন পত্র/প্রতিবেদন প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে। পোনার সাইজ, প্রজাতি ও ওজনে কোন ব্যত্যয় করা যাবে না। সরকারী মৎস্য বীজ উৎপাদন খামার ব্যতিত পোনা মাছ ক্রয়ের ক্ষেত্রে সরকারী মৎস্য বীজ উৎপাদন খামার থেকে অনাপত্তি সনদ (NOC) নিতে হবে।
৫. স্থানীয় মাননীয় সংসদ সদস্যকে জ্ঞাত করে পোনামাছ অবমুক্তির ব্যবস্থা করতে হবে। উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা পরিষদ ভাইস-চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও উপজেলা পোনা ক্রয় সংক্রান্ত কমিটির উপস্থিতিতে পোনামাছ অবমুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং পোনা অবমুক্তির সচিত্র প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করতে হবে।
৬. পোনা মাছ অবমুক্ত করার বরাদ্দ থেকে শতকরা ১০ ভাগ হারে বিপন্ন প্রায় দেশীয় প্রজাতির ছোট মাছের পোনা (কৈ, শিং, মাগুর, টেংরা, গুলশা, ভেদা, পাবদা, ফলি ইত্যাদি) ক্রয় খাতে ব্যয় করা যাবে।

৭. রুই, কাতল, মৃগেল, কালিবাউস, ঘনিয়া প্রভৃতি মাছের পোনা অবমুক্ত করতে হবে। ১০-১৩ সেঃ মিঃ আকারের রুই ৩০%, কাতলা ৪০%, মৃগেল, কালিবাউস ও ঘনিয়া ৩০% হারে সুস্থ্য-সবল পোনা অবমুক্ত করতে হবে।

৮. পোনামাছ অবমুক্তির পর আহরণ পরবর্তী উৎপাদনের প্রভাব নিরুপণপূর্বক নির্দিষ্ট ছকে প্রতিবেদন প্রকল্প দপ্তরে প্রেরণ করতে হবে।

৯. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত প্রকল্পের "কার্যক্রম বাস্তবায়ন নির্দেশাবলী" (মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং-৩৩.০০.০০০০.১৩৫.১৪.১১২.১৪-১০৬, তারিখ- ০৫/০৭/২০১৫ খ্রিস্টাব্দ) এবং মৎস্য অধিদপ্তরের আওতায় উন্নয়ন প্রকল্পসমূহের "কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশিকা" (মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং-৩৩.০০.০০০০.১৪০.১৪.০৮৯.১৩-৪০, তারিখ- ১৪/০৩/২০১৬ খ্রিস্টাব্দ) অনুসরণ করতে হবে।

১০. বরাদ্দকৃত অর্থ দ্বারা পোনা অবমুক্তির কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে পূর্ণাঙ্গ সিডিউল মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ কর্তৃক গঠিত (মৎস্য অধিদপ্তরের পত্র নং-৩৩.০২.০০০০.১২১.০৫.০১৬.১৬-৪৩/১(২০০), তারিখ- ২৫/০৭/২০১৬ খ্রিস্টাব্দ) রাজস্ব ও উন্নয়ন খাতে পোনা অবমুক্তি কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত বিভাগীয় মনিটরিং কমিটি ও কেন্দ্রীয় সমন্বয় সেলসহ মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, উপ-পরিচালক (মৎস্য চাষ), উপ-পরিচালক (প্রশাসন), উপ-পরিচালক (ফিল্ড সার্ভিস), সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তা এবং প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করতে হবে।

১১. ব্যক্তি মালিকানাধীন স্বার্থে কোন জলাশয়ে পোনা মাছ অবমুক্ত করা যাবে না এবং রাজস্ব বাজেট ও অন্যান্য উন্নয়ন প্রকল্পের আওতায় যে সকল জলাশয়ে ইতোমধ্যে পোনামাছ অবমুক্ত করা হয়েছে কিংবা আগামীতে পোনামাছ অবমুক্তির পরিকল্পনা রয়েছে এমন জলাশয়ে পোনামাছ অবমুক্ত করা যাবে না।

১২. পোনামাছ অবমুক্তি কার্যক্রম ৩১ আগস্ট ২০১৬ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

০২/০৮/১৬

(মো: মিজানুর রহমান)
প্রকল্প পরিচালক
ফোন : ০২-৯৫৮৬৬৬৯
ফ্যাক্স : ০২-৯৫৮৬৬৬৮
ইমেইলঃ- mrbe47@gmail.com

নং- ৩৩.০২.০০০০.৯২৯.০৯.০০১.১৪-৩৭০/১(৩৪)

তারিখ: ০২/০৮/২০১৬ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

২. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য পরিকল্পনা ও জরিপ, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

৩. সভাপতি, কেন্দ্রীয় সমন্বয় সেল, পোনা অবমুক্তি কার্যক্রম ২০১৬-১৭ বাস্তবায়নে সহায়তার লক্ষ্যে মনিটরিং কমিটি, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।

৪. বিভাগীয় আহবায়ক,.., পোনা অবমুক্তি কার্যক্রম ২০১৬-১৭ বাস্তবায়নে সহায়তার লক্ষ্যে মনিটরিং কমিটি।

৫. উপ-পরিচালক (প্রশাসন)/(অর্থ ও পরিকল্পনা)/(ফিল্ড সার্ভিস)/(মৎস্যচাষ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

৬. বিভাগীয় উপ-পরিচালক,--।

৭. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক,...।

৮. জেলা মৎস্য কর্মকর্তা,--।

৯. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,---।

১০. সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা। মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১১. সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা, --।

১২. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,------------------------------------ ।

১৩. ....।

১৪. সংশ্লিষ্ট নথি।

০২/০৮/১৬

(মোঃ মিজানুর রহমান)
প্রকল্প পরিচালক